# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো তার অবস্থার সংশোধন করা যাতে এটি তাকে আল্লাহর সাক্ষাৎ লাভকে প্রিয় করে তুলে

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ إِصْلَاحِ أَحْوَالِهِ حَتَّى يُؤَدِّيَهُ ذَلِكَ إِلَى مَحَبَّةِ لِقَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا

---

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ بِمَنْبِجَ قَالَ: أَنْبَأَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مالك عن أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (قَالَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى: إِذَا أَحَبَّ عَبْدِي لِقَائِي أَحْبَبْتُ لِقَاءَهُ فَإِذَا كره لقائي كرهت لقاءه.)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 364 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৬৪. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আল্লাহ তাবারাকা ওয়া তা‘আলা বলেছেন: “বান্দা যখন আমার সাক্ষাৎ ভালবাসে, তখন আমিও তার সাক্ষাৎ ভালবাসি। আর বান্দা যখন আমার সাক্ষাৎ অপছন্দ করে, তখন আমিও তার সাক্ষাৎ অপছন্দ করি।”[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ১৪৪৮; মুয়াত্তা ইমাম মালিক: ১/২৪০; সহীহ আল বুখারী: ৭৫০৪; নাসাঈ: ৪/১০; মুসনাদ আহমাদ: ২/৪১৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আন নাসাঈ: ১৭৩০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88663

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন